

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সরকারি কলেজের শিক্ষক বদলি/পদায়ন নীতিমালা-২০১৭

সরকারি কলেজের শিক্ষকদের বদলি/পদায়নের ক্ষেত্রে অধিকতর শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য এই নীতিমালা জারি করা হলো।

২.০ নীতিমালার আওতা:

বিভিন্ন সরকারি কলেজে কর্মরত শিক্ষকদের আবেদনের প্রেক্ষিতে বদলি/পদায়নের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে।

৩.০ আবেদনের সময়সূচি:

বিভিন্ন পর্যায়ের শিক্ষকবৃন্দ নিম্নরূপ সময়সূচি অনুযায়ী বছরে দুইবার বদলির আবেদন করতে পারবেন:

পর্যায়	আবেদনের সময়	
	১ম দফা	২য় দফা
প্রভাষক	জানুয়ারি	জুলাই
সহকারী অধ্যাপক	মার্চ	সেপ্টেম্বর
সহযোগী অধ্যাপক	মে	অক্টোবর
অধ্যাপক	জুন	ডিসেম্বর

৪.০ আবেদনের পদ্ধতি ও শর্তাবলি:

- ৪.১ নির্ধারিত মাসের ০১ থেকে ১৫ তারিখের মধ্যে অনুমোদিত ফরমে ই-মেইল যোগে বদলির আবেদন দাখিল করতে হবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট/প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সংযুক্ত করা যাবে। নির্ধারিত সময়ের আগে বা পরে দাখিলকৃত অথবা ই-মেইল ব্যতীত অন্য কোন উপায়ে প্রেরিত/পেশকৃত আবেদন কোনভাবেই বিবেচনা করা হবে না;
- ৪.২ নবনিয়োগপ্রাপ্ত প্রভাষকগণ চাকরি দু'বছর হওয়ার পূর্বে ঢাকা মহানগর এলাকায় বদলির জন্য আবেদন করতে পারবেন না;
- ৪.৩ স্বামী-স্ত্রী উভয়ে চাকরিজীবী হলে স্বামী বা স্ত্রীর নিকটতম কর্মস্থলে বদলি/পদায়নের জন্য আবেদন করা যাবে। তবে যেহেতু এ ধরনের কর্মকর্তার সংখ্যা অনেক, তাই বিষয়টি অধিকার হিসেবে গণ্য করা যাবে না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকের সুবিধা এবং জনগণের সেবাশ্রাণ্ডির বিষয় একসাথে বিবেচনায় নিয়ে যৌক্তিক সিদ্ধান্ত প্রদান করা হবে;
- ৪.৪ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে যাওয়ার এক বছর পূর্বে কোন কর্মকর্তা-শিক্ষক তার সুবিধামত স্থানে বদলির জন্য আবেদন করলে পদ শূন্য থাকা সাপেক্ষে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত আবেদন বিবেচনা করা হবে;
- ৪.৫ অসম্পূর্ণ এবং সংগতিহীন তথ্য সম্বলিত আবেদন বিবেচনায় আনা হবে না।

৫.০ আবেদন নিষ্পত্তি:

- ৫.১ নির্ধারিত মাসে প্রাপ্ত আবেদনসমূহ ঐ মাসের মধ্যে নিষ্পত্তি করা হবে;
- ৫.২ বদলির জন্য প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই এবং সুপারিশ প্রণয়নের জন্য যথাক্রমে বাছাই কমিটি ও সুপারিশ প্রণয়ন কমিটি নামে দুইটি কমিটি থাকবে। বাছাই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক সঠিকভাবে পেশকৃত আবেদনসমূহ বদলির সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিটির নিকট পেশ করবে;
- ৫.৩ সুপারিশ প্রণয়ন কমিটির প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হওয়ার পর বদলি/পদায়নের আদেশ জারি করা হবে;
- ৫.৪ উপজেলা পর্যায়ের কলেজসমূহের শূন্য পদে অগ্রাধিকারভিত্তিতে পদায়ন করা হবে।

৬.০ বিবিধ:


- ৬.১ সরকার জনস্বার্থে যে কোন সময় যে কোন কর্মকর্তাকে যে কোন স্থানে বদলি করতে পারবে;
- ৬.২ এ নীতিমালা জারির সাথে সাথে ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত নীতিমালা বাতিল বলে গণ্য হবে।



স্বাঃ/-
তারিখ: ১০/০১/২০১৭
(মো: সোহরাব হোসাইন)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অধ্যক্ষ,
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. পিও টু অতিরিক্ত সচিব (সরকারি কলেজ)/উপ-সচিব (সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


Abul Kaysar Khan
(আবু কায়সার খান)
সিনিয়র সহকারী সচিব